

## ফিফা বিশ্বকাপের ভিডিওতে চিরকুটের গান

ফিফা ফুটসাল বিশ্বকাপের দশম আসরের পর্দা উঠেছিল উজবেকিস্তানে। বিশ্বকাপের প্রমোশনের জন্য ফিফা ওয়ার্ল্ড কাপ ফেসবুক পেজে শেয়ার করা একটি রিলে ব্যবহার করা হয়েছে বাংলাদেশের ব্যান্ড চিরকুটের ‘যাদুর শহর’ গানের অংশবিশেষ। রিলসের ক্যাপশনও লেখা হয়েছে বাংলায় ‘ছোট্ট ফুটবলের সর্বশ্রেষ্ঠ প্রদর্শনী এখন আমাদেরই মাঝে’। ফিফার পেজে নিজেদের গানের ভিডিও দেখে আপ্লুত হয়েছেন ‘চিরকুট’ এর ভোকাল শারমিন সুলতানা সুমি। নিজের আইডি থেকে সেই ভিডিওটি শেয়ার করে তিনি লিখেছেন, ‘ছোটবেলা থেকে ফুটবল-ক্রিকেট ভালোবাসি সারা পৃথিবীতে ফিফা ফুটবলের ব্যাপারটা দেখে।

## জেন-জি কে নিয়ে ধারাবাহিক নাটক

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানের মাধ্যমে বিদায় নেয় দেশের ১৫ বছরের স্বৈরশাসন। ইতিহাসে এ মহাবিপ্লবের পেছনে সবচেয়ে বড় অবদান যাদের, তাদের বলা হয় ‘জেনারেশন জি’ বা ‘জেন-জি’। ‘জেন-জি আমি কে? তুমি কে?’ নামক ধারাবাহিক নাটক নির্মাণ করছেন পরিচালক আবু হায়াত মাহমুদ। যেকোনো একটি বেসরকারি টেলিভিশন চ্যানেলে ১০০ পর্বের ধারাবাহিকটি প্রচারিত হবে। এতে অভিনয় করবেন শহীদুজ্জামান সেলিম, মোমেনা চৌধুরী, মৌসুমী হামিদ, লুৎফর রহমান জর্জ, ফারুক আহমেদসহ আরও অনেকে।








## ৯ বছর পর ভারতে পাকিস্তানি সিনেমা

ভারত-পাকিস্তানের বৈরী সম্পর্কের কথা কারও অজানা নয়। দুই দেশের এমন নেতিবাচক সম্পর্কের কারণে ভারতে বন্ধ হয়ে গিয়েছিল পাকিস্তানি সিনেমার প্রদর্শনী। অবশেষে নিষেধাজ্ঞা কাটিয়ে ৯ বছর পর ভারতের প্রেক্ষাগৃহে প্রদর্শন করা হয় পাকিস্তানি সিনেমা। ২ অক্টোবর ভারতের পাঞ্জাবে মুক্তি পায় ফাওয়াদ খান ও মাহিরা খান অভিনীত ‘দ্য লিজেন্ড অব মওলা জাট’ সিনেমা। সর্বশেষ ২০১৫ সালে ভারতে মুক্তি পায় পাকিস্তানের ‘বিন রোয়ে’ সিনেমাটি। পাকিস্তানসহ বিশ্বের অন্যান্য দেশে ‘দ্য লিজেন্ড অব মওলা জাট’ ২০২২ সালে মুক্তি পেয়েছিল। সে সময় ভারতেও মুক্তি পাওয়া কথা ছিল সিনেমাটি। শেষ পর্যন্ত তা আর হয়নি। অবশেষে দুই বছর পর ভারতের প্রেক্ষাগৃহে দেখা যাবে সিনেমাটি।

## অস্কারে যাচ্ছে ‘লাপাতা লেডিস’ সিনেমা

সেরা বিদেশি ভাষার চলচ্চিত্র ক্যাটাগরিতে ভারতীয় সিনেমার ইতিহাস খুব একটা উজ্জ্বল নয়। তবে আগামী ৯৭তম অস্কারে এই বিভাগে প্রতিযোগিতার জন্য বাছাই করা হয় সাম্প্রতিক সময়ের জনপ্রিয় সিনেমা ‘লাপাতা লেডিস’-কে। ছবিটি ভারতীয় সিনেমা হিসেবে অস্কারের সেরা আন্তর্জাতিক ফিচার ফিল্ম ক্যাটাগরিতে মনোনয়নের জন্য প্রতিযোগিতা করবে। এই বাছাই প্রক্রিয়ায় ‘লাপাতা লেডিস’ পেছনে ফেলে কানজয়ী ‘অল উই ইমাজিন অ্যাজ লাইট’, বলিউড হিট ‘অ্যানিম্যাল’ ও মালায়ালামের ‘আট্টাম’ সহ মোট ২৯টি চলচ্চিত্রকে।




## জুরিবোর্ড থেকে সরে গেলেন ইলিয়াস কাঞ্চন



জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জুরিবোর্ড থেকে নিজের নাম প্রত্যাহার করে নেন অভিনেতা ইলিয়াস কাঞ্চন। তার ব্যক্তিগত ব্যস্ততার কারণেই এই সিদ্ধান্ত নেন বলে জানা গেছে। বর্তমানে অভিনেতা ইলিয়াস কাঞ্চন নিরাপদ সড়ক চাই আন্দোলন নিয়ে অনেক ব্যস্ত থাকেন তিনি। এছাড়া ব্যক্তিগত কাজের ব্যস্ততার মধ্যে নতুন করে জুরিবোর্ডের সদস্য হয়ে কাজ করা তার পক্ষে সম্ভব না।



## দাদাসাহেব ফালকে পেলেন মিঠুন চক্রবর্তী

দাদাসাহেব ফালকে পুরস্কার পেলেন ভারতের কিংবদন্তি অভিনেতা মিঠুন চক্রবর্তী। ৮ অক্টোবর দেশটির রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হাত থেকে এ পুরস্কার গ্রহণ করেন তিনি। ভারতীয় চলচ্চিত্রের এটিই সর্বোচ্চ পুরস্কার। ২০২৪ সালের জানুয়ারিতে ভারত সরকার কর্তৃক তৃতীয় সর্বোচ্চ বেসামরিক সম্মান পদ্মভূষণে ভূষিত হয়েছেন মিঠুন চক্রবর্তী।

## বুলবুল আহমেদের বায়োপিক বানাবেন ঐন্দ্রিলা

বাংলাদেশের চলচ্চিত্রে এক উজ্জ্বল নাম বুলবুল আহমেদ। তিনি ছিলেন একাধারে অভিনেতা, প্রযোজক ও পরিচালক। এবার এই অভিনেতার বর্ণাঢ্যময় জীবন উঠে আসবে রুপালি পর্দায়। বুলবুল আহমেদের বায়োপিক নির্মাণের সিদ্ধান্ত নিয়েছেন তার মেয়ে অভিনেত্রী তাজরিন ফারহানা ঐন্দ্রিলা। বুলবুল আহমেদের পুরো জীবনের গল্প উঠে আসবে এ সিনেমায়।



## অস্কারে যাচ্ছে ‘বলী’ সিনেমা

৯৭তম একাডেমি অ্যাওয়ার্ডসে বাংলাদেশ থেকে যাচ্ছে ইকবাল হোসাইন চৌধুরীর চলচ্চিত্র ‘বলী’ যার ইংরেজি নাম, ‘দ্য রেসলার’। অস্কারে এবারের আসরে বেস্ট ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম বিভাগে লড়বে সিনেমাটি। নির্মাতা মতিন রহমানকে চেয়ারম্যান করে সাত সদস্যের গঠন করা হয়। ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ সরকারের অনুদানের সিনেমা ‘বলী’। সিনেমার প্রধান চরিত্রে অভিনয় করেন নাসির উদ্দিন খান। সিনেমাটি ২৮তম বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সর্বোচ্চ নিউ কারেন্টস পুরস্কার জিতেছিল, যা ছিল দেশের সিনেমার জন্য উল্লেখযোগ্য পুরস্কারের একটি।



## নুহাশ এখন আমেরিকান গিল্ডের সদস্য

রাইটার গিল্ড অব আমেরিকা ওয়েস্টের সদস্য হয়েছেন বাংলাদেশের তরুণ নির্মাতা ও চিত্রনাট্যকার নুহাশ হুমায়ূন। ৫ সেপ্টেম্বর সামাজিকমাধ্যমে খবরটি নিজেই জানিয়েছেন তিনি। ভৌতিক গল্প নিয়ে নুহাশ হুমায়ূনের অ্যান্থলজি ওয়েব সিরিজ ‘পেটকাটা ষ’ বেশ কয়েকটি আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রদর্শিত হয়েছে। গণমাধ্যমকে নুহাশ বলেন, এই মর্যাদাপূর্ণ সংস্থার অংশ হওয়ার জন্য নির্দিষ্ট মানদণ্ড রয়েছে। আমিও সেই ধাপ পূরণ করেই সদস্য হয়েছি। যদিও এখন বিস্তারিত জানাতে পারছি না।



## আইন লঙ্ঘনের অভিযোগ শাকিব-সিয়ামের বিরুদ্ধে

গত ঈদে প্রেক্ষাগৃহে মুক্তি পায় ‘তুফান’ সিনেমা। মুক্তির আগেই আলোচিত হয় ‘তুফান’-এর পোস্টার। তেমনি মুক্তির অপেক্ষায় থাকা সিয়াম আহমেদের ‘জংলি’র পোস্টারও বেশ আলোড়ন তোলে। তবে এই দুই পোস্টার নিয়ে অভিযোগ করে স্টপ টোব্যাকো বাংলাদেশ নামের সংস্থাটি। তারা শাকিব খান ও সিয়ামের বিরুদ্ধে আইন লঙ্ঘনের অভিযোগ করে। কারণ পোস্টার দুটিতে দুই নায়ককেই সিগারেট হাতে দেখা যায়। শাকিব ও সিয়ামের এমন ধূমপান উদ্দেশ্য প্রণোদিত বলে মনে করেন তারা।



## তৈরি হচ্ছে পাঠানের সিকুয়েল

টানা ফ্লপের পর গত বছর শাহরুখ খানকে হারানো সাম্রাজ্য ফিরিয়ে দেয় 'পাঠান' সিনেমা। বক্স অফিসে হাজার কোটি রুপি পেরিয়ে যায় পাঠানের কালেকশন। বাংলাদেশের হলেও মুক্তি পায় সিনেমাটি। প্রথম পর্বের তুমুল সাফল্যের পর শুরু হয় পাঠানের সিকুয়েলের প্রস্তুতি। পাঠানের সংলাপ রচয়িতা আব্বাস টায়ারওয়ালা জানান, গল্প চূড়ান্ত আর চিত্রনাট্যও লেখা শেষ কিছুদিনের মধ্যে সংলাপ লেখার কাজ শুরু হবে। আব্বাসের আশা, প্রথম পর্বের মতো দ্বিতীয় পর্বের সংলাপ লেখার জন্যও নির্মাতাদের কাছ থেকে ডাক পাবেন তিনি। খবর প্রকাশিত হয়েছিল, যশ রাজ ফিল্মস ও শাহরুখ খান পাঠানকে একটি স্বতন্ত্র সিনেমা হিসেবেই রাখতে চাইছেন।





## ১৫ বছর পর বেতারে মনির খান

একটা সময় বাংলাদেশ বেতারে নিয়মিত গাইতেন কণ্ঠশিল্পী মনির খান। তবে আওয়ামী সরকারের আমলে দীর্ঘ ১৫ বছর অলিখিত কারণে বেতারে ডাক পাননি 'অঞ্জনা' খ্যাত গায়ক। এবার ফের বেতারে ডাক পান মনির খান। ২৪ সেপ্টেম্বর মুন্সি ওয়াদুদের লেখা গানে কণ্ঠ দেন তিনি, সুর করেন মাকসুদ জামিল মিন্টু।

## পুষ্পা ২ মুক্তির আগেই নতুন রেকর্ড

আল্লু অর্জুন অভিনীত 'পুষ্পা ২' নিয়ে বহুদিন ধরেই ভক্তদের মধ্যে প্রবল উন্মাদনা। প্রথম কিস্তি রীতিমতো ঝড় তোলে দর্শক হৃদয়ে। তবে গত ১৫ আগস্ট মুক্তির কথা থাকলেও আগামী ৬ ডিসেম্বর মুক্তি পাবে এটি। তবে মুক্তির আগেই আয়ের নতুন রেকর্ড করে পুষ্পার সিক্যুয়েল। সিনেমার ওটিটি স্ট্রিমিং সত্ত্ব আনুষ্ঠানিকভাবে নেটফ্লিক্সের নিকট বিক্রি করেন নির্মাতারা। এজন্য নেটফ্লিক্সকে গুনতে হয় ২৭০ কোটি রুপি। যার কারণে এটিকে সব ভাষার ভারতীয় চলচ্চিত্রের মধ্যে সবচেয়ে বড় একক স্ট্রিমিং চুক্তি বলে মনে করা হচ্ছে।




## নাট্যজন জামালউদ্দিন হোসেন ও রওশন আরা হোসেন অসুস্থ

মঞ্চ ও টেলিভিশন নাটকের একসময়ের ব্যস্ত অভিনেত্রী রওশন আরা হোসেন অসুস্থ। তার স্বামী অভিনেতা জামালউদ্দিন হোসেন নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে কানাডার একটি হাসপাতালে ভেন্টিলেশনে আছেন। এই দম্পতির কানাডা প্রবাসী ছেলে তাশফিন হোসেন জানিয়েছেন, রওশন আরা এখন ছেলের বাড়িতে আছেন। তিনি পারকিনসনস রোগে ভুগছেন দুই বছরের বেশি সময় ধরে। রওশন আরা হোসেন চলতে ফিরতে পারেন না, এমনকি ভালো করে কথাও বলতে পারেন না।



## কনসার্টে মঞ্চ ভেঙে গায়কের মৃত্যু

কনসার্ট চলাকালীন দুর্ঘটনা প্রায়ই ঘটে। বিশ্বের বিভিন্ন প্রান্তে এমন দুর্ঘটনায় আহত হন বহু গায়ক। তবে এবার কনসার্ট চলাকালীন স্টেজ ভেঙে পড়ে মৃত্যু হয় জনপ্রিয় গায়ক ফ্যাটম্যান স্কুপের। ৫৩ বছর বয়সী মার্কিন র‍্যাপার ফ্যাটম্যান স্কুপ, হামদে শহরের সেন্টার পার্কে আয়োজিত কনসার্টে শো চলাকালীন মঞ্চ ভেঙে পড়ে মারাত্মক আহত হন। এরপর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। আগস্টের ৩০ তারিখ ঘটনাটি ঘটে।

